সমকাল

তারিখ 11 DEC 2016
পৃষ্ঠা ৩ কলাম ৩

সিদ্ধেশ্বরী কলেজের সুবর্ণজয়ন্তী

# মানসম্মত শিক্ষার তাগিদ শিক্ষামন্ত্রীর

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রচলিত ও গতানুগতিক শিক্ষা দিয়ে সুন্দরভাবে এগিয়ে যাওয়া সম্ভব নয়। আমাদের গুণগত ও মানসম্মত শিক্ষা অর্জন করতে হবে। এই চ্যালেঞ্জ মোকাবেলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

গতকাল শনিবার রাজধানীর সিদ্ধেশ্বরী গার্লস কলেজের সুবর্ণজয়ন্তী ও কৃতী ছাত্রী সংবর্ধনা অনুষ্ঠানের দ্বিতীয় দিনে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন তিনি। কলেজ গভর্নিং বডির সভাপতি এএস মাহমুদের সভাপতিত্বে কলেজ চত্বরে আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন গভর্নিং বডির সদস্য গোলাম দস্তগীর গাজী বীরপ্রতীক এমপি। স্বাগত বক্তব্য রাখেন কলেজ অধ্যক্ষ কানিজ মাহমুদা আক্তার। অনুষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ সালে ইংরেজি ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৬

## মানসম্মত শিক্ষার

[তৃতীয় পৃষ্ঠার পর]

বিভাগে স্নাতকে প্রথম শ্রেণিতে প্রথম স্থান অর্জনকারী তানজিনা আফ্রিন সিন্থি, ২০১২ সালে স্নাতকোত্তরে প্রথম শ্রেণিতে প্রথম স্থান অর্জনকারী সুনন্দা শারমিন শশীসহ ৫০০ কৃতী শিক্ষার্থীকে কলেজের পক্ষ থেকে সংবর্ধনা দেওয়া হয়।

শিক্ষামন্ত্রী বলেন, আধুনিক বাংলাদেশের নির্মাতা হলো নতুন প্রজন্ম। তাই তাদের যুগের সঙ্গে তাল মিলিয়ে বিশ্বমানের জ্ঞান, দক্ষতা ও শিক্ষা অর্জন করতে হবে। শিক্ষার্থীদের শুধু জ্ঞান ও দক্ষতামূলক শিক্ষা দিলেই হবে না, তাদের নৈতিক মূল্যবোধ সম্পন্ন ভালো মানুষ হিসেবে গড়ে তুলতে হবে।

সিদ্ধেশ্বরী গার্লস কলেজের (১৯৬৬-২০১৬) সমৃদ্ধ ইতিহাস ও ঐতিহ্যের কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, ৪২ জন শিক্ষার্থী নিয়ে শুরু করে এই কলেজের শিক্ষার্থী সংখ্যা এখন সাড়ে ৬ হাজারে এসে উপনীত হয়েছে। কলেজে সাড়ে ৬ কোটি টাকা ব্যয়ে ৮তলা ভবন নির্মাণ করা হবে। যেখানে ২৪টি ক্লাসরুমসহ আইসিটি সুবিধা-সমৃদ্ধ ল্যাবরেটরি থাকবে।